# ACS TOWEL LIMITED.

**Tetlabo, Rupgonj, Narayangonj.**

## ETHICAL CODES OF BUSINESS CONDUCT

The management of **ACS** always respects the law of the land, ILO and UN conventions, any other applicable statutory regulations, whichever are more stringent. The company is also committed to maintain the Code of Conduct of different buyers as well. While performing the day to day work respective of process, production, planning, programming, all must be strictly regulated within the framework of laid down rules & activities.

**Prohibition of Discrimination**

No discrimination shall be tolerated on the basis of gender, color, age, religion, race, caste, mental status, social background, disability, ethical national origin, nationality or any other personal characteristics. All persons shall be treated with dignity and respect. Pregnancy test should not be the criteria of recruitment process.

**Prohibition of Child labor**

No person irrespective of male or female is allowed to be recruited and employed for any types of job unless s/he completes minimum 15(fifteen) years of age. To ensure the accuracy of age of the employees, educational certificate/birth certificate/certificate from the local authority and /or certificate from a registered medical practitioner is to be obtained. Maintenance of these documents in the personal files are mandatory.

**Prohibition of forced Labor**

The company is committed not to engage any forced labor, whether in the form of prison labor, indentured labor, bonded, uncompensated or involuntary labor or otherwise. The factory gate must be unlocked when working. The company also does not condone the practice of involuntary employee “deposits” withholding of identify papers or any other practice that would restrict for movement of employees.

**Health & Safety**

Protection of health, safety and environment is a primary goal of the company. The company is dedicated to continuous efforts to make its operations compatible with protecting people, property and the environment. The company is committed to work with its employees, clients, contractors, suppliers, partners and customers and with the communities in which it operates in order to achieve this goal. All employees should comply and conduct their duties and responsibilities in compliance with the detailed directions as given in the Health and Safety policy of the company.

**Harassment & Abuse**

The company has a strong commitment to maintaining a workplace totally free from any physical, sexual, psychological or verbal harassment. The management strongly believes that each and every employee of the organization should be treated professionally with respect and dignity. As such, under any circumstances no one in the hierarchy of the organization is allowed to violet this management philosophy. In case of any errors /mistake /negligence/ damage on the act and part of any employee, the situation has to be dealt with professionally, and action has to be taken within the preview of the laid down disciplinary procedure of the company. The company never tolerates corporal punishment.

**Working Hours**

All employees regular working week must not exceed 48 hours, or, including allowed overtime, 60 hours and not more than average 56 hours in a year. Employees must have to grant at least 1(one) day off after 6(six) consecutive working days. No woman’s allowed to work in the factory except between 10pm to 06am without her consent.

**Wages & Benefits**

In ACS Towel Limited. wages of the workers and staff are defined inconformity to the gazette notification of the peoples Republic of Bangladesh. As a standard practice every worker and staff are to be provided a detailed pay slip prior payment and wages have to be disbursed within the stipulated date as determined by law.

**Overtime Compensation**

The management firmly believes that “the overtime for the workers must be on voluntary basis rather compulsory as it is the right of the workers to solely decide whether s/he will do overtime or not. In case of overtime hours workers will be compensated as mandated by local labor law with the monthly wages.

**Freedom of Association**

The management of **ACS** always regards & respects freedom of speech and freedom of association of its workforce. To express and share problems /dissatisfaction /discomfort /grievance of the employees, management has initiated and constitute a participation committee as a forum to address and resolve these issues in a very congenial work environment. It is management expectation that the participation committee should actively its constructive role, and to facilitate that all employees are should co-operate the forum.

**Disciplinary Practices**

In order to ensure discipline of the organization, management of **ACS** deals all the undisciplined issues professionally within the legal frame work of Bangladesh Labor Law. In this connection all concerned employees of **ACS** are advised to strictly follow the prescribed law of the land while in action with disciplinary matters.

**Social Responsibility**

The management of **ACS** always committed to the need of social welfare activities. To faster the principles of humanity, the management always love to be in the forefront to help the distressed class of poor people during the time of natural calamities like flood and cyclone.

Besides, it is one of the management Moto to help out the poor communities who does not have financial solvency to construct /repair/renovate their schools, colleges, small health complex, mosques and madarashas. Company has also taken the initiative from its social responsibility for free education for the children of the employee. Furthermore, the management on the occasion of Eid festivals distributes a huge amount of money among its workers as gift to celebrate the Eid in a most joyful and befitting manner. Management volunteers all these activities from the inspiration of philanthropist motive and for betterment and wellbeing of mankind.

**Environment Requirements**

The company is formally committed to comply all the relevant /applicable environmental legislation of Bangladesh Government. To ensure environmental protection in the process of using raw materials, manufacturing products and discharging wastes, the company should follow the guidelines and standard methods of various aspects of the environment conservation and rules of the concerned regulatory bodies. Importance to protect the environment has already been briefed in the companies Environment Policy and all employees are to follow and comply explained guidelines without any fail.

# এসিএস টাওয়েল লিমিটেড

তেঁতলাব, রূপগঞ্জ, নারায়নগঞ্জ

## ব্যবসায়িক আচরণের নৈতিক মানদন্ড

এসিএস টেক্সটাইলস্ (বাংলাদেশ) লিঃ-এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দেশের প্রচলিত আইন, আন্তর্জাতিক শ্রম সংস্থা ও জাতিসংঘের কনভেনশন, অন্য যে কোন প্রয়োগযোগ্য বিধি-বিধান যাহা সুদৃঢ় তাহার প্রতি সম্মান প্রদর্শন করে। বিভিন্ন ক্রেতার নির্দেশিত আচরন বিধির প্রতিপালনেও অত্র প্রতিষ্ঠান প্রতিজ্ঞাবদ্ধ। দৈনন্দিন নিজস্ব কার্যাবলী সম্পাদনে, উৎপাদনে, পরিকল্পনায়, কর্মসূচী প্রণয়নে নিম্নোক্ত বিধান ও কার্যক্রম সকলকে কঠোরভাবে মেনে চলতে হবে।

বৈষম্যমূলক আচরনে নিষেধাজ্ঞা

লিঙ্গ, বর্ণ, বয়স, ধর্ম, জাতিগোষ্ঠী, প্রথা, মানসিক অবস্থা, সামাজিক অবস্থান, অসামর্থতা, নৈতিক জাতীয়তা, জাতীয়তা অথবা যে কোন প্রকার চারিত্রিক বৈশিষ্ট্য নির্বিশেষে কোন প্রকার বৈষম্য প্রদর্শন গ্রহনযোগ্য হবে না। প্রত্যেককে মর্যাদা ও সম্মানের দৃষ্টিতে দেখা হবে। মাতৃত্বকালীন অবস্থা সম্পর্কে কোন প্রকার পরীক্ষা-নিরীক্ষা অবশ্যই নিয়োগ প্রক্রিয়ার মাপকাঠি হবে না।

শিশু শ্রমিক নিয়োগে নিষেধাজ্ঞা

কোন প্রকার কর্মে কোন পুরুষ বা মহিলা নিয়োগকে বিবেচনা করা হইবে না যদি না তাহার বয়স ১৫ (পনের) বৎসর পূর্ণ হয়। বয়সের সঠিকতা যাচাইয়ের জন্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র অথবা স্থানীয় সরকার প্রতিনিধি প্রদত্ত সনদপত্র অথবা নিবন্ধিত ডাক্তার প্রদত্ত সার্টিফিকেট সংগ্রহ করতে হবে। ব্যক্তিগত নথিতে এই সকল দলিলপত্রাদি সংরক্ষণ করা বাধ্যতামূলক।

বাধ্যতামূলক শ্রম আদায়ে নিষেধাজ্ঞা

অত্র কোম্পানী জোরপূর্বক শ্রম, বন্দীশ্রম, চুক্তিবদ্ধ শ্রম, বাধ্যতামূলক শ্রম, পারিশ্রমিক প্রদান না করা অথবা স্বেচ্ছা শ্রম ও অন্য কোন প্রকার শ্রম আদায় না করার প্রতি শ্রদ্ধাশীল। কাজ চলাকালীন সময়ে কারখানার প্রতিটি দরজা বা ফটক খোলা রাখা বাধ্যতামূলক। অনিচ্ছুক শ্রমিকের কোন প্রকার পরিচয়জ্ঞাপক পত্রাদি জমা রেখে অথবা অন্য যে কোন প্রকার অনুশীলন যাহা কোন কর্মীর বিচলনে বাঁধা প্রদান করে সেই রকম কোন প্রকার কর্মের প্রতি সমর্থন করে না।

স্বাস্থ্য ও নিরাপত্তা

স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণই কোম্পানীর প্রাথমিক লক্ষ্য। কোম্পানী তার প্রতিটি স্থাপনায় কর্মী, সম্পদ ও পরিবেশের নিয়মিত উন্নতি সাধনে বদ্ধ পরিকর। কোম্পানী উহার কর্মচারী, গ্রাহক, ঠিকাদার, সরবরাহকারী, ইহার অংশীদার এবং সম্মানিত ক্রেতা ও সম্প্রদায়সমূহের যেখানে লক্ষ্য অর্জনের নিমিত্তে পরিচালিত হইতেছে তাহাদের সহিত কাজ করিতে বদ্ধ পরিকর। সকল কর্মচারীদের তাদের দায়িত্ব ও কর্তব্য কোম্পানীর স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালায় বর্ণিত নির্দেশনার সহিত সংগতিপূর্ণ হইতে হইবে।

হয়রানী ও গালিগালাজ

শারীরিক, যৌন, মানসিক অথবা মৌখিক হয়রানি সহ যে কোন ধরনের নির্যাতনমুক্ত কাজের পরিবেশ নিশ্চিত করতে অত্র কোম্পানী প্রতিশ্রুতিবদ্ধ। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দৃঢ়ভাবে বিশ্বাস করে যে প্রতিটি কর্মচারীর সাথে পেশাগত সম্মান ও শ্রদ্ধাপূর্ণ আচরণ করা হবে। এই জন্য, যে কোন অবস্থাতেই প্রতিষ্ঠানের যে কোন স্তরের কোন কর্মচারী ব্যবস্থাপনা কর্তৃপক্ষের এই দর্শনকে অমান্য করতে পারবে না। কোন কর্মচারীর দ্বারা বা তার অংশগ্রহণে যে কোন প্রকার ভুল-ত্রুটি, অবহেলা, ক্ষতিসাধনকে পেশাগতভাবে বিবেচনা করা হবে এবং কোম্পানীর প্রচলিত শাস্তিমূলক ব্যবস্থায় উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা হবে। কোম্পানী কোনভাবেই শারিরীক শাস্তি প্রদানকে সমর্থন করে না।

কর্মঘন্টা

প্রত্যেক কর্মচারীর সাপ্তাহিক নিয়মিত কর্মঘন্টা ৪৮ (আটচল্লিশ) ঘন্টা অতিক্রম করবে না অথবা অনুমোদিত অতিরিক্ত কর্মঘন্টাসহ ৬০ (ষাট) ঘন্টা এবং বছরে গড়ে ৫৬ (ছাপ্পান্ন) ঘন্টা অতিক্রম করবে না। কর্মচারীদেরকে অবশ্যই ৬ (ছয়) দিন বিরতিহীনভাবে কাজ করবার পর অন্ততপক্ষে একদিন ছুটি প্রদান করা হবে। কোন মহিলা শ্রমিককে তার সম্মতি ছাড়া রাত ১০ (দশ) ঘটিকা হতে সকাল ৬ (ছয়) ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে কোন কাজ করতে দেয়া হবে না।

মজুরী ও সুবিধাদি

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেতন-ভাতা সম্পর্কিত গেজেট নোটিফিকেশন অনুযায়ী এসিএস টাওয়েল লিমিটেড-এ কর্মরত শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা নির্ধারন করা হয়। নিয়মিত পদক্ষেপ হিসেবে বেতন-ভাতা প্রদানের পূর্বে প্রত্যেক কর্মচারীকে পে-স্লিপ দেয়া হবে এবং আইনগত সময়ের মধ্যে মজুরী প্রদান করা হবে।

অতিরিক্ত কাজের জন্য ভাতা

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অবশ্যই বিশ্বাস করে যে, শ্রমিকদের অতিরিক্ত কর্মঘন্টা স্বেচ্ছাভিত্তিক হবে এবং বাধ্যগতভাবে ইহা অতিরিক্ত কাজ করা না করা শ্রমিকদের ইচ্ছার উপর নির্ভর করবে। অতিরিক্ত কাজের ক্ষেত্রে দেশের প্রচলিত শ্রম আইনের আলোকে অতিরিক্ত কাজের জন্য প্রাপ্য ভাতা মাসের মজুরীর সাথে পরিশোধ করা হয়।

সংগঠনের স্বাধীনতা

এসিএস টাওয়েল লিমিটেড কর্তৃপক্ষ সর্বদা ইহার কর্মীদের বাক স্বাধীনতা ও সংঘ সমিতি গঠনের প্রতি সম্মান প্রদর্শন ও স্বাধীনতা প্রদান করে। কর্মীদের সমস্যা, অসন্তুষ্টি, উদ্বিগ্নতা, অনুযোগ ব্যক্ত ও ভাগাভাগি করতে ও এই সমস্ত সমস্যা দূরীকরণের মাধ্যমে একটি সৌহার্দপূর্ণ কর্মপরিবেশ তৈরি করিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উদ্যোগ নিয়ে একটি অংশগ্রহণ কমিটি গঠন করেছে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আশা করে যে, এই অংশগ্রহণ কমিটি এর গঠনমূলক ভূমিকা পালন করবে এবং এই ফোরামকে গতিশীল করতে সকল কর্মচারী সহযোগিতা করবে।

শৃংখলামূলক ব্যবস্থা

প্রতিষ্ঠানের শৃংখলা বজায় রাখতে এসিএস টাওয়েল লিমিটেড কর্তৃপক্ষ সকল প্রকার শৃংখলা বিরোধী কাজকে বাংলাদেশের শ্রম আইন-এর আওতায় পেশাগতভাবে পদক্ষেপ গ্রহণ করিয়া থাকে। এইমর্মে এসিএস টাওয়েল লিমিটেড-এর সকল কর্মচারীদের শাস্তিমূলক ব্যবস্থার ক্ষেত্রে দেশের প্রচলিত আইন অনুসরণ করার জন্য বিশেষভাবে নির্দেশ দেয়া হচ্ছে।

সামাজিক দায়বদ্ধতা

এসিএস টাওয়েল লিমিটেড কর্তৃপক্ষ সর্বদা সমাজ কল্যাণমূলক কর্মকান্ডে অংশগ্রহণ করতে প্রতিজ্ঞাবদ্ধ। মানবিক নীতিকে গতিশীল করতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সর্বদা বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা এবং ঘুর্ণিঝড়ের সময় ক্ষতিগ্রস্ত গরীব জনগোষ্ঠীকে সাহায্য করতে অগ্রণী ভূমিকা পালন করে।

এছাড়াও, দরিদ্র জনগোষ্ঠীকে যাদের আর্থিক সামর্থ্য নেই তাদের বিদ্যালয়, মহাবিদ্যালয়, ক্ষুদ্র স্বাস্থ্য কমপ্লেক্স, মসজিদ এবং মাদ্রাসা তৈরি/মেরামত/বৃদ্ধিকল্পে সাহায্য করাও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অন্যতম আদর্শ। কোম্পানী  তার সামাজিক দায়বদ্ধতা থেকে কারখানায় কর্মরত শ্রমিকদের ছেলে-মেয়েদের বিনাখরচে শিক্ষার উদ্যোগ গ্রহণ করেছে। অধিকন্তু, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ঈদের উৎসবগুলির সময় উপহার হিসেবে শ্রমিকদের মধ্যে প্রচুর পরিমাণে অর্থ বিলি করিয়া থাকে যাতে তারা তাদের উৎসবগুলি আরও আনন্দপূর্ণ ও উৎসবমুখরভাবে পালন করতে পারে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ স্বেচ্ছা প্রণোদিত হয়ে মানবপ্রেম এবং মানবিকতার উন্নয়ন ও কল্যাণের অনুপ্রেরণা থেকে এই সকল কর্মকান্ড করে থাকে।

পরিবেশের প্রয়োজনীয়তাসমূহ

অত্র প্রতিষ্ঠান বাংলাদেশ সরকারের সকল প্রকার প্রয়োগযোগ্য পরিবেশ আইন ও পরিবেশগত বিধিবিধান যথাযথভাবে অনুসরণে প্রতিশ্রুতিবদ্ধ। কাঁচামাল ব্যবহারে, পণ্য উৎপাদনে এবং বর্জ্য অপসারণে পরিবেশ সংরক্ষণের নিমিত্তে অত্র প্রতিষ্ঠান যথাযথ কর্তৃপক্ষ প্রণীত বিভিন্ন আইন ও বিধিবিধানের নির্দেশনা অনুসরণ করিবে। পরিবেশ সংরক্ষণের উপর গুরুত্ব আরোপ করে কোম্পানীর পরিবেশ সংক্রান্ত নীতিমালায় বিষদ আলোচনা করা হয়েছে এবং সকল কর্মচারীগণকে ইহা যথাযথভাবে অনুসরণ ও মেনে চলতে হবে।